

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫২৫

২৭/ আদব

পরিচেছদঃ সবর (ধৈর্যের) বিবরণ

## আরবী

وَعَنْ عَطَاءٍ بْنِ أَبِي رَبَاحٍ قَالَ : قَالَ لِي اِبْنُ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا : أَلاَ أُرِيْكَ امْرَأَةً مِنْ أَهْلِ الجَنَّة ؟ فَقُلْتُ: بَلَى قَالَ : هَذِهِ المَرْأَةُ السَّودَاءُ أَتَتِ النَّبِيَّ عَيَّالِيُّ فَقَالَتْ : إِنِّي أُصْرَعُ، وَإِنِّ الْجَنَّةُ وَإِنْ شِئْتِ دَعَوْتُ وَإِنِّ شَئْتِ مَبَرْتِ وَلَكِ الْجَنَّةُ وَإِنْ شِئْتِ دَعَوْتُ اللهَ تَعَالَى لِي قَالَ إِنْ شَئْتِ مَبَرْتِ وَلَكِ الْجَنَّةُ وَإِنْ شِئْتِ دَعَوْتُ اللهَ تَعَالَى لِي قَالَ إِنْ شَئْتِ مَبَرْتِ وَلَكِ الْجَنَّةُ وَإِنْ شِئْتِ دَعَوْتُ اللهَ تَعَالَى أَنْ لاَ أَتَكَشَّف فَدَعَا اللهَ أَنْ لاَ أَتَكَشَّف فَدَعَا لَهَا مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৫২৫) আত্বা ইবনে আবী রাবাহ হতে বর্ণিত, তিনি বলেন, একদা ইবনে আব্বাস (রাঃ) আমাকে বললেন, 'আমি কি তোমাকে একটি জান্নাতী মহিলা দেখাব না!' আমি বললাম, 'হাাঁ!' তিনি বললেন, 'এই কৃষ্ণকায় মহিলাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে এসে বলল যে, আমার মৃগী রোগ আছে, আর সে কারণে আমার দেহ থেকে কাপড় সরে যায়। সুতরাং আপনি আমার জন্য দু'আ করুন।' তিনি বললেন, ''তুমি যদি চাও তাহলে সবর কর; এর বিনিময়ে তোমার জন্য জান্নাত রয়েছে।আর যদি চাও তাহলে আমি তোমার রোগ নিরাময়ের জন্য আল্লাহ তাআলার নিকটে দু'আ করব।'' স্ত্রীলোকটি বলল, 'আমি সবর করব।' অতঃপর সে বলল, '(রোগ উঠার সময়) আমার দেহ থেকে কাপড় সরে যায়, সুতরাং আপনি আল্লাহর কাছে দু'আ করন, যেন আমার দেহ থেকে কাপড় সরে না যায়।' ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য দু'আ করলেন।

## ফুটনোট

(বুখারী ৫৬৫২, মুসলিম ৬৭৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন